

কান্না এবং পেট ব্যথা

কেন তা হচ্ছে বোঝা

সব বাচ্চাই কাঁদে, বিশেষ করে জন্মের পর প্রথম কয়েক সপ্তাহে। কান্না হল আপনাকে জানানোর তাদের উপায় যে তাদের কিছু প্রয়োজন হচ্ছে বা তাদের কোনো অস্বস্তি হচ্ছে। তাদের পোষাক পরিবর্তনের প্রয়োজন হতে পারে, তাদের ক্ষুধা পেতে পারে বা শুধু একটি আলিঙ্গনের প্রয়োজন হতে পারে।

যদি আপনার বাচ্চা হঠাৎ এবং প্রায়ই কান্নাকাটি করে, কিন্তু অন্যথায় তারা আনন্দিত এবং সুস্থ বলে মনে হয়, তবে তাদের পেটব্যথা হতে পারে। পেটব্যথা পরিচিত সমস্যা এবং যদিও তা অস্বস্তিকর হয়, কিন্তু এটি গুরুতর নয় এবং সাধারণত বাচ্চাদেরকে শুধুমাত্র তাদের জীবনের প্রথম কয়েক মাসে প্রভাবিত করে। পেট ব্যথার সবচেয়ে সাধারণ লক্ষণ হল ক্রমাগত কান্না, যা সাধারণত শেষ বিকেলে বা সন্ধ্যায় হয়ে থাকে। অন্যান্য লক্ষণগুলির মধ্যে রয়েছে একটি লাল হয়ে যাওয়া চেহারা, তাদের পা তাদের বুকের কাছে টানা, মুষ্টিবদ্ধ করা, বাতকর্ম করা এবং ঘুমাতে সমস্যা হওয়া।

যখন একটি বাচ্চা কাঁদে, তখন তা বিরক্তিকর হতে পারে, আপনি সহজেই হতাশ হয়ে পড়তে পারেন এবং আপনি খুব বেশি ঘুমাতে পারবেন না। শান্ত থাকা খুবই গুরুত্বপূর্ণ এবং সাহায্য চাইতে ভয় পাবেন না।

যদি আপনার বাচ্চার কান্না আলাদা রকমের মনে হয় (যেমন খুব উচ্চস্বরে কান্নাকাটি বা ফোঁপানো), তাহলে ডাক্তারের পরামর্শ নিন। কান্না কখনও কখনও আপনার বাচ্চার অসুস্থতার লক্ষণ হতে পারে। আপনার সহজাত প্রবৃত্তিকে বিশ্বাস করুন - আপনিই আপনার বাচ্চাকে সবচেয়ে ভাল জানেন।

স্বাস্থ্য পরিদর্শক বলেন

আপনার বাচ্চাকে জানুন। তাদের কি প্রয়োজন তা বোঝার চেষ্টা করুন। আপনার বাচ্চা কেন কাঁদছে তা খুঁজে বের করা প্রায়শই সমস্ত সম্ভাব্য বিকল্প খতিয়ে দেখার প্রক্রিয়া হতে পারে।

প্রথমে যে জিনিসগুলি পরীক্ষা করতে হবে তা হল:

- তাদের কি ন্যাপি পরিবর্তন করা প্রয়োজন?
- তারা কি ক্ষুধার্ত হতে পারে?
- তারা কি খুব গরম হতে পারে?
- তারা কি খুব ঠান্ডা হতে পারে?
- তাদের কান্না কি আলাদা শোনাচ্ছে?
- তাদের কি দাঁত ওঠা সংক্রান্ত সমস্যা হতে পারে?
- তারা কি আলিঙ্গন পেতে চায়?

এগুলি হল সাধারণ বিষয় যা আপনার বাচ্চার কান্নার কারণ হতে পারে।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ

আপনার বাচ্চাকে কখনোই ঝাঁকাবেন না

আপনি যতই হতাশা বোধ করুন না কেন, আপনার বাচ্চাকে কখনোই ঝাঁকাবেন না। ঝাঁকালে তাদের মাথা প্রবলভাবে নড়বে, এবং তার জন্য রক্তপাত এবং মস্তিষ্কের ক্ষতি হতে পারে।

সাহায্য এবং পরামর্শের জন্য <https://iconcope.org/parentsadvice/> দেখুন

1

আমার বাচ্চা স্বাভাবিকের চেয়ে বেশি কাঁদছে।

2

আপনি কি আপনার স্বাস্থ্য পরিদর্শকের দেওয়া পরামর্শ অনুসরণ করেছেন? আপনি কি ভেবে দেখেছেন যে, আপনার বাচ্চা আপনাকে কি বলতে চাইছে? এটা সত্যিই সাধারণ কিছু হতে পারে।

3

আপনি যদি এর চেষ্টা করে থাকেন এবং তা কাজ না করে, তাহলে আপনার স্বাস্থ্য পরিদর্শকের সাথে কথা বলুন, অথবা আপনি চিন্তিত হলে আপনার GP-র সাথে যোগাযোগ করুন।

জন্ম থেকে (এবং এর পরে) পিতামাতা এবং শিশুদের পরিচর্যাকারীদের জন্য একটি নির্দেশিকা
শৈশবের সাধারণ অসুস্থতা ও ভাল থাকা

NHS হেউড, মিডলটন এবং রচডেল ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ